# বাংলাদেশ কৃষি ব্যাংক
## প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

**ক্রেডিট বিভাগ**

ই-মেইল headofsme@krishibank.org.bd


মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ(শাখা-৪)এসএমই-১১(৩)/২০২০-২০২১/ ২৮৪৮(১২৫০) তারিখঃ ২৯/০৬/২০২১

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখাসমূহ
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ 'স্টার্ট-আপ' উদ্যোগ/প্রকল্পের অনুকূলে স্টার্ট-আপ ফান্ড হতে ঋণ/বিনিয়োগ প্রদান নিশ্চিতকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস ডিপার্টমেন্ট এর এসএমইএসপিডি সার্কুলার নং-০৪, তারিখ-২৯/০৩/২০২১ এবং এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৪, তারিখ-১৯/০৪/২০২১ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে যা অত্র বিভাগের পত্র সূত্র নং-২৩৮৭(১২৫০), ২৪২৮(১২৫০) তারিখ যথাক্রমে ১২/০৪/২০২১, ২১/০৪/২০২১ মূলে জারী করা হয়েছে।

০২। বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত সার্কুলার এবং সার্কুলার লেটার মোতাবেক 'স্টার্ট-আপ' উদ্যোগ/প্রকল্পে অর্থায়নের নীতিমালা এবং পুনঃঅর্থায়ন প্রাপ্তির ক্ষেত্রে অনুসৃত নির্দেশনাসমূহ জারী করা হয়েছে। বর্তমান কোভিট-১৯ পরিস্থিতিতে নতুন উদ্যোগ এর মাধ্যমে কমসংস্থান সৃষ্টির বিষয়টিকে অধিকতর গুরুত্ব দেয়া হচ্ছে। 'স্টার্ট-আপ' উদ্যোগ/প্রকল্পে যথাযথ অর্থায়ন করা গেলে নতুন উদ্যোক্তা তৈরী এবং স্ব-কর্মসংস্থান সৃষ্টি হবে মর্মে আশা করা যাচ্ছে। স্টার্ট-আপ ফান্ড হতে ঋণ/বিনিয়োগ বিতরণের মাধ্যমে নতুন উদ্যোগ সৃষ্টির লক্ষ্যে যথাযথ ও কার্যকর প্রদক্ষেপ গ্রহণ করা আবশ্যক।

০৩। স্টার্ট-আপ ফান্ড হতে 'স্টার্ট-আপ' উদ্যোগ/প্রকল্পের অনুকূলে ঋণ/বিনিয়োগ প্রদানের লক্ষ্যে সুস্পষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে তদারকি নিশ্চিত করার জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক অত্র ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে নির্দেশনা প্রদান করা হয়েছে। বর্ণিত প্রেক্ষাপটে, 'স্টার্ট-আপ' উদ্যোগ/প্রকল্পের অনুকূলে ঋণ/বিনিয়োগ প্রদানের লক্ষ্যে নিম্নোক্ত বিষয়গুলো যথাযথভাবে অনুসরন করতে হবে ঃ

ক) বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক পরিচালন মুনাফা অর্জনের পূর্ব পর্যন্ত বাংলাদেশ ব্যাংক কর্তৃক 'স্টার্ট-আপ ফান্ড' নামে ৫০০ (পাঁচশত) কোটি টাকার পুনঃঅর্থায়ন তহবিল এর আওতায় অর্থায়ন করতে হবে ;

খ) বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত নীতিমালা অনুসরনপূর্বক বর্তমান কোভিট-১৯ পরিস্থিতিতে নতুন উদ্যোগ গ্রহনে আগ্রহী উদ্যোক্তা নির্বাচনপূর্বক অর্থায়ন করতে হবে ;

গ) অত্র ব্যাংকের প্রতিটি অঞ্চলে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের তত্ত্বাবধানে আগামী ২০২১-২২ অর্থবছরে অন্তত ১০(দশ) জন করে নতুন ও সম্ভাবনাময় উদ্যোক্তা নির্বাচনপূর্বক অর্থায়ন করতে হবে। বিভাগীয় মহাব্যবস্থাপকগণ সরাসরি দায়িত্ব গ্রহনপূর্বক 'স্টার্ট-আপ' উদ্যোগ/প্রকল্পের অনুকূলে ঋণ বিতরনের বিষয়টি তদারকি করবেন ;

ঘ) উল্লেখিত খাতে অর্থায়ণপূর্বক পুনঃঅর্থায়ন প্রাপ্তির ক্ষেত্রে অনুসৃত নির্দেশনাসমূহ অনুসরণ করে পুনঃঅর্থায়ন দাবী সম্বলিত প্রতিবেদন নির্ধারিত সময়সীমার মধ্যে প্রধান কার্যালয়ের ক্রেডিট বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। এ খাতে কোন ঋন বিতরণ করা সম্ভব না হলে শূন্য বিবরণী প্রেরন করতে হবে।

০৪। এমতাবস্থায়, অত্র বিভাগ কর্তৃক জারীকৃত 'স্টার্ট-আপ' উদ্যোগ/প্রকল্পে অর্থায়নের নীতিমালা এবং পুনঃঅর্থায়ন প্রাপ্তির ক্ষেত্রে অনুসৃত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণপূর্বক বাংলাদেশ ব্যাংক কর্তৃক গঠিত 'স্টার্ট-আপ ফান্ড' নামে ৫০০ (পাঁচশত) কোটি টাকার পুনঃঅর্থায়ন তহবিল এর আওতায় অর্থায়ন করার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(স্বাক্ষর) ২৯/০৬/২১


(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩৮৮৯৪৯

বিষয় ঃ <u>'স্টার্ট-আপ' উদ্যোগ/প্রকল্পের অনুকূলে স্টার্ট-আপ ফান্ড হতে ঋণ/বিনিয়োগ প্রদান নিশ্চিতকরণ প্রসঙ্গে।</u>

নং-বিকেবি-প্রকা-ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-১১(৩)/২০২০-২০২১/ 2785(2200)    তারিখঃ ২৯/০৬/২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

Mhossain
29/06/2021
(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক